# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩১

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৪. অকুমারী (বিধবা বা বিপত্নীক) নারীকে তার অপছন্দ মতে তার ওলী বিয়ে দিলে

بَاب الثَّيِّبِ يُزَوِّجُهَا أَبُوهَا وَهِيَ كَارِهَةٌ

## আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ وَمُجَمِّعٍ ابْنَيْ يَزِيدَ ابْنِ جَارِيَةَ أَنَّ خَنْسَاءَ بِنْتَ خِذَامٍ زَوَّجَهَا أَبُوهَا وَهِيَ ثَيِّبٌ فَكَرِهَتْ ذَلِكَ فَأَتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَدَّ نِكَاحَهَا

## বাংলা

২২৩১. 'আবদুর রহমান ইবনু ইয়াযীদ ও মুজাম্মি'উ ইবনু ইয়াযীদ আল-আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। খিযামের মেয়ে খানসাকে তার পিতা বিয়ে দেন। সে ছিল সায়্যিবা (বিধবা)। আর সে একে (পিতার দেয়া এই বিয়েকে) অপছন্দ করে। এরপর মেয়েটি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলে তিনি তার (পিতার দেয়া) এই বিয়ে বাতিল করে দেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মালিক, নিকাহ ২৫; তার সূত্রে আহমাদ ৬/৩২৮; বুখারী, নিকাহ ৫১৩৮, ইকরাহ ৬৯৪৫; আবূ দাউদ, নিকাহ ২১০১; নাসাঈ, নিকাহ ৬/৮৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82514

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন